

শিক্ষকদের

জন্য : সরকারী

অনুদান

৭ বৎসরে

৫ শতাংশ বৃদ্ধি

একটি শিক্ষক সংগঠন অপর শিক্ষক সংগঠনের বিরুদ্ধে সম্প্রতি বক্তব্য পেশকালে গত কয়েক বছরে বেসরকারী স্কুলের শিক্ষকদের বেতন ও সুযোগ-সুবিধার সরকারী বরাদ্দ বৃদ্ধির যে তথ্য প্রকাশ করেছে, তাতে দেখা যাচ্ছে, ৭ বৎসরের ব্যবধানে সরকারী অনুদান পাঁচগুণেরও বেশী বেড়েছে। ১৯৭৮-এর পূর্বে বেসরকারী শিক্ষকদের জন্ম উল্লেখযোগ্য কোন চাকুরীবিধি ও বেতন স্কেল ছিল না। সরকার থেকে শুধু শিক্ষক কল্যাণ ভাতা নামক অনুল্লেখযোগ্য হারে অনুদান প্রদান করা হতো। '৭৮-এর পর প্রথম শিক্ষকদের জন্ম জাতীয় বেতন স্কেল ও চাকুরীবিধি প্রবর্তন করা হয়। ১৯৮০ সালের ১লা জানুয়ারী থেকে জাতীয় বেতন স্কেলের ৫০% এবং ১৯৮৩ সালে ৩০% মহার্ঘ ভাতা, ১০০/-টাকা হারে আবাসিক ভাতা ও ৬০/-টাকা চিকিৎসা ভাতা আদায় হয়।

শিক্ষাক্ষেত্রে বিরাজমান বৈষম্য স্থায়ীভাবে দূর করার লক্ষ্যে ১৯৮৪ সালে বেসরকারী শিক্ষক ও অন্যান্য কর্মচারীর চাকুরী জাতীয়করণের দাবী উত্থাপিত হয়। এই দাবী বাস্তবায়নের লক্ষ্যে ১৯৮৪ সালের ২৯শে নভেম্বর ঢাকার মানিক মিয়া এভিনিউতে অনুষ্ঠিত জাতীয় শিক্ষক মহাসম্মেলনে সরকার একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠনের ঘোষণা প্রদান করেন। কমিটি চাকুরী জাতীয়করণের লক্ষ্যে শিক্ষকদের জাতীয় বেতন স্কেলে মূল বেতনের ১০০% প্রদানের সুপারিশ করে। ইতিমধ্যে নতুন সংশোধিত বেতন স্কেল ঘোষণার প্রেক্ষাপট সৃষ্টি হওয়ার ঐ কমিটির রিপোর্ট বাস্তবায়নে বিলম্ব হয়। কিন্তু সংশোধিত নতুন স্কেল পুরাতন স্কেলের বিত্তগত ও বেশী হওয়ার কমিটির সুপারিশ বাস্তবায়ন কঠিন হয়ে দাঁড়ায়। কমিটির রিপোর্ট অনুসারে পুরাতন বেতন স্কেলে শিক্ষকদের মূল বেতনের ১০০% প্রদান করতে যেখানে ১০০ কোটি টাকার প্রয়োজন দেখা দেয়, তদুপরি

(৮ম পৃঃ পঃ)

শিক্ষকদের জন্ম অনুদান

(৫ম পৃঃ পঃ)

চিকিৎসা ভাতা ৬০/- থেকে ১০০/ টাকা, ও নতুন বেতন স্কেলের একটি ইনক্রিমেন্ট প্রদানে আরও ২৫ কোটি টাকার প্রয়োজন দেখা দেয়। বেসরকারী শিক্ষকদেরকে সংশোধিত নতুন জাতীয় বেতন স্কেলের অন্তর্ভুক্তির মাধ্যমে চাকুরী জাতীয় করণের লক্ষ্যে ১লা জানুয়ারী, ১৯৮৬ সাল থেকে সংশোধিত নতুন বেতন স্কেলের একটি বর্ধিত ইনক্রিমেন্ট, ১লা মার্চ, ১৯৮৬ থেকে ৬০%, ১লা জুন ১৯৮৬ থেকে ৭০% এবং মেডিক্যাল ভাতা ৬০/- টাকা থেকে ১০০/- টাকা প্রদানের ঘোষণা করা হয়। উপরোক্ত ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ইতিমধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে।

১৯৭৮-৭৯ থেকে ১৯৮৪-৮৫ এই বিগত ৭ বৎসরে বেসরকারী শিক্ষকদের বেতন বাবদ যে পরিমাণ সরকারী মঞ্জুরী অর্জন করা হয়েছে তার বিবরণ এরূপঃ ১৯৭৮-৭৯ টাকা ৩১ কোটি ৩৪ লক্ষ, ১৯৭৯-৮০ টাকা ৩৫ কোটি ৩৭ লক্ষ, ১৯৮০-৮১ টাকা ৫৪ কোটি ৯৮ লক্ষ, ১৯৮১-৮২ টাকা ৬২ কোটি ৭ লক্ষ, ১৯৮২-৮৩ টাকা ৫৮ কোটি ৬০ লক্ষ, ১৯৮৩-৮৪ টাকা ১০৬ কোটি, ১৯৮৪-৮৫ টাকা ১৫০ কোটি ৫০ লক্ষ।

অতঃপর ১৯৮৫-৮৬ এবং ১৯৮৬-৮৭ আর্থিক বৎসরের সংশোধিত বেতন স্কেলে বেসরকারী শিক্ষকদের বেতন বাবদ সরকারী মঞ্জুরী ৬০% এবং ৭০% প্রদানে যে পরিমাণ টাকার প্রয়োজন হবে তার হিসাব নিম্নরূপঃ ১৯৮৫-৮৬ টাকা ১৭২ কোটি, ১৯৮৬-৮৭ টাকা ২৫০ কোটি।